বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর ‘সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি’র ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি - মার্চ ২০২৩)-এ নেয়া সিদ্ধান্ত বাস্তবায়ন

‘সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি’র ত্রৈমাসিক সভা গত ২৬ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় ‘সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩’ অনুসারে নিম্নোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২৩ অর্থ বছরে অংশীজনদের (স্টেকহোল্ডারগণের) অংশগ্রহণে ০২টি সভা আয়োজনের মধ্যে ০১ টি সভা গত ১১ আগস্ট ২০২২ তারিখে আয়োজিত হয়েছে। আরো ০১টি সভা আয়োজন করা। | বিআইসিএম এর অংশীজনদের (স্টেকহোল্ডারগণের) অংশগ্রহণে সেবা প্রদান বিষয়ে আগামী ১৬ মার্চ ২০২৩ তারিখে ০১টি সভা আয়োজন করা হবে। | শতভাগ |
| ০২ | ‘সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩’ এর নির্দেশনা নং ১.৩ মোতাবেক আওতাধীন দপ্তর নিয়ে সভাআয়োজন করা। | বিআইসিএম এর অধীন কোন দপ্তর নেই বিধায় আওতাধীন দপ্তর নিয়ে সভা অনুষ্ঠান সংক্রান্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগের গত ২৭ ডিসেম্বর ২০২২ তারিখের সিদ্ধান্ত নং ০৩ অনুসরণ করা। সিদ্ধান্তে উল্লেখ রয়েছে যে আওতাধীন দপ্তর/সংস্থাবিহীন প্রতিষ্ঠানসমূহের আপাতত: কোন কার্যক্রম নিতে হবে না। | শতভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | বিআইসিএম এর বিভিন্ন সাটিফিকেট কোর্সেস এবং বিআইসিএম অভ্যর্থনা ডেস্কে নাগরিক সেবা প্রদান কিভাবে বাস্তবায়ন করা হয় তা 'সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি' কর্তৃক পর্যবেক্ষণ করা হয়।<br>(৩.১) 'সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি' কর্তৃক বিআইসিএম এর রেজিস্ট্রার বিভাগে গিয়ে জনাব মোঃ মাহবুব হাসান, ব্যক্তিগত কর্মকর্তার নিকট হতে তথ্য সংগ্রহ করা হয়; কমিটিকে অবগত করা হয় যে, বিআইসিএম এর সার্টিফিকেট প্রোগ্রাম বর্তমানে অফলাইন ও অনলাইন, উভয় মাধ্যমেই পরিচালিত হচ্ছে। অনলাইনে জুম এপস এর মাধ্যেম যুক্ত হয়ে ক্লাস সম্পন্ন করা যায়। অনলাইনে শিক্ষা উপকরণ বিতরণের জন্য গুগল ড্রাইভ, এবং সহজতর যোগাযোগ করার জন্য হোয়াটসএপ গ্রুপ ব্যবহার করা হয়। সার্টিফিকেট কোর্স সম্পন্নকারীদের নিকট হতে কোর্স সমাপনান্তে কোন ফিডব্যাক নেয়া হয় কি না তা জানতে চাইলে অবগত করা হয় যে, যারা সার্টিফিকেট কোর্স করেছেন তাদের কাছ থেকে ফিডব্যাক নেয়া হয় এবং তা সংরক্ষণ করা হয়।<br>কম টাকা দিয়ে সার্টিফিকেট কোর্স পরিচালিত হয় বিধায় এতে অংশগ্রহণকারী কমে যাচ্ছে কি না জানতে চাওয়া হয়? এ বিষয়ে জানানো হয় যে, পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা এবং মাস্টার্স প্রোগ্রামের স্টুডেন্টদের জন্য সার্টিফিকেট কোর্স বিনা ফিতে করার সুযোগ রয়েছে। তাই আপাতদৃষ্টিতে অংশগ্রহণকারী অনেক মনে হলেও এতে আয় তেমন হয়। এছাড়াও কমিটিকে অবগত করা হয় যে, ভবিষ্যতে সার্টিফিকেট প্রোগ্রামের অনেক কোর্স ইনভেস্টরস এডুকেশন প্রোগ্রামে অন্তর্ভুক্ত করা হবে এবং সেগুলো সরকারের নির্দেশনা মত সাহধারণ বিনিয়োগকারীদের জন্য বিনা ফি'তে পরিচালনা করা হবে।<br>(৩.২) বিআইসিএম এর অভ্যর্থনা ডেস্ক থেকে নাগরিক সেবা প্রদান বিষয়ে কমিটিকে জানানো হয় যে, সব ধরণের প্রোগ্রামের জন্য তথ্য জানতে বিভিন্ন সময় নাগরিকেরা এসে থাকেন। প্রাথমিক ভাবে অভ্যর্থনা কেন্দ্র হতে কোর্স সম্পর্কিত সাধারণ তথ্য প্রদান করা হয় এবং রেজিস্ট্রার বিভাগে গিয়ে বিস্তারিত জানার জন্য বলা হয়। এছাড়াও অনেক সময় কিছু বিষয় থাকে যা অভ্যর্থনা কেন্দ্রের জানা না থাকলে, তা সরাসরি রেজিস্ট্রার বিভাগে গিয়ে জানার জন্য পরামর্শ প্রদান করা হয়। | (১) সার্টিফিকেট প্রোগ্রামে অংশগ্রহণকারী বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ বৃদ্ধি করার জন্য পরামর্শ দেয়া হয়। প্রয়োজনে প্রচার উপকরণের ব্যবহার বৃদ্ধিরও পরামর্শ প্রদান করা হয়।<br><br>(২) সার্টিফিকেট প্রোগ্রাম বিষয়ে কমিটি কর্তৃক পরামর্শ দেয়া হয় যে, স্টুডেন্টদের জন্য পুরোটা ফ্রি না দিয়ে কিছু অংকের ছাড় দেয়া যেতে পারে; যে সকল স্টুডেন্ট অনলাইনে কোর্সটি সম্পন্ন করেন তাদেরকে বিনা ফিতে কোর্স করার জন্য সুযোগ প্রদান করা যেতে পারে। | শতভাগ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



৩-৪-২০২৩ ১০:৪৯:২৯
নাজমুছ সালেহীন
পরিচালক (প্রশাসন ও অর্থ), প্রশাসন বিভাগ
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট
(বিআইসিএম)



৩-৪-২০২৩ ১০:৫৪:১২
ড. মাহমুদা আক্তার
নির্বাহী প্রেসিডেন্ট, নির্বাহী প্রেসিডেন্ট এর দপ্তর
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট
(বিআইসিএম)